



ISO 9001 : 2015



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)  
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)  
স্থাপিত-১৯৮৪

## জরুরি ভিত্তিতে বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগ

৪৯.০২.০০০০.০০৪.৪৭.০০১.২১/৫৫৬

তারিখ: ২১.০৬.২০২২ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতের বিভিন্ন সরকারি হাসপাতালে **Advanced Technology Company, Kuwait** - এর ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত পদে কিছু মহিলা নার্স নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	অভিজ্ঞতা	বয়স	বেতন ও অন্যান্য সুবিধাদি	মন্তব্য
১.	ডিপ্লোমা নার্স	মহিলা ২৪৪ জন	কমপক্ষে ০৪ বছর	অনুর্ধ্ব ৪০ বছর	৮০,০০০/- + (ওভার টাইম) বাৎসরিক ইনক্রিমেন্ট ১০ কুয়েতি দিনার।	চাকুরির ছুটি ০৩ (তিন) বৎসর নবায়নযোগ্য


### চাকুরির শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই সরকার স্বীকৃত কোনো নার্সিং ইনস্টিটিউট হতে বিএসসি অথবা ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে।
- যেকোনো সরকারি, আধা-সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/হাসপাতাল/প্রতিষ্ঠানে নার্স হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- অবশ্যই ২ বছর ৬ মাস মেয়াদসহ পাসপোর্ট থাকতে হবে।
- চাকুরিতে যোগদানের পর শিক্ষানবীশকাল ০৩ (তিন) মাস।
- দৈনিক ০৮ (আট) ঘণ্টা ডিউটি সপ্তাহে ৬ (ছয়) দিন এবং বাৎসরিক ছুটি ৩০ (ত্রিশ) দিন।
- নার্স হিসেবে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- সরকারি নার্স হিসেবে কর্মরত প্রার্থীদের লিয়েন ছুটি প্রাপ্তির যোগ্যতা অর্জিত হলেই আবেদন করতে পারবেন এবং চূড়ান্ত নির্বাচনের পরে লিয়েন ছুটি প্রার্থীকে নিজেই ব্যবস্থা করতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ডাটা-চেক নিশ্চিত করতে হবে।
- প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা, খাওয়া এবং কর্মস্থলে যাতায়াতের পরিবহনের ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে।
- চাকুরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন (০৩) বছর সন্তোষজনক চাকুরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকারী কোম্পানি বহন করবে।
- কুয়েতের শ্রম আইন অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে।

### অন্যান্য তথ্যাবলী :

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ এবং বিধি মোতাবেক অন্যান্য সরকারি ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের ইংরেজিতে দুই (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, মার্কশিট, ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য তথ্যাদি পূরণপূর্বক বোয়েসেল হতে প্রদত্ত লিংকে কুয়েত হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী সময় বর্ধিত করে আগামী ১৪.০৭.২০২২ খ্রি. এর মধ্যে আবেদন করা জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। লিখিত ও মৌখিক পরীক্ষা প্রদানের সময় প্রার্থীদের কোনো প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।

লিংক:- <https://forms.gle/sLXWHpZsx4Z8ZFUs5>

  
কোম্পানি সচিব  
বোয়েসেল

